

আসসালামু আলাইকুম ওয়ারহমাতুল্লাহি ওবারাকাতুহ।
প্রিয় এভেরোজ পরিবার,

আশা করছি মহান আল্লাহর অশেষ রহমতে সবাই ভালো আছেন। আপনাদের প্রিয় প্রতিষ্ঠান এভেরোজ ইন্টারন্যাশনাল স্কুল এর পূর্বঘোষণা অনুযায়ী আমাদের শিক্ষার্থীদের আগামী ২৮ এপ্রিল পর্যন্ত নিয়মিত এবং ০৫ মে ২০২১ পর্যন্ত হিফয এর ক্লাস চলবে ইনশা-আল্লাহ। আপনারা জানেন যে, এভেরোজ ইন্টারন্যাশনাল স্কুল এর অত্যন্ত দক্ষ আইটি টীম এর পরিকল্পনা ও সহায়তায় কোভিড-১৯ মহামারীতে বিদ্যালয়ের নিয়মিত ক্লাস বন্ধ ঘোষণার শুরু থেকেই, নিয়মিত ক্লাসের বিকল্প শিক্ষাব্যবস্থা অনলাইন ক্লাসের আয়োজন করেছে এবং বিদ্যালয়ের এই ব্যবস্থার সাথে সম্পৃক্ত রয়েছে আমাদের ৯৭ শতাংশ শিক্ষার্থী আর এভেরোজের প্রায় ৩০০ জন টিচিং এবং ননটিচিং স্টাফ, আলহামদুলিল্লাহ!

যেহেতু বিদ্যালয়ের শিক্ষার্থীদের অনলাইন ক্লাস সম্পূর্ণরূপে একটি নতুন প্রক্রিয়া তাই এর সফল বাস্তবায়ন সত্যিই আমাদের শিক্ষক- কর্মচারি, শিক্ষার্থী - অভিাবক সকলের জন্য একটি বড় চ্যালেঞ্জ। তবুও মহান আল্লাহর অশেষ রহমতে আমরা সবাই আপনাদের সহযোগিতায়,এর সফল বাস্তবায়নে নিয়মিত চেষ্টা করে যাচ্ছি। মহান আল্লাহ আমাদের সহায় হন এবং সবকিছু সহজ করে দিন।


যেহেতু আমাদের সবচেয়ে বড় ধর্মীয় অনুষ্ঠান ঈদ উল ফিতর সন্মিকটে। আপনারা সবাই জানেন যে, এভেরোজ ইন্টারন্যাশনাল স্কুল প্রতি বছর আপনাদের প্রিয় সন্তানদের সম্মানিত শিক্ষক-শিক্ষিকাসহ সকল কর্মকর্তা ও কর্মচারীদের ঈদ অনুষ্ঠানে বেতন ও বোনাস প্রদান করে তাদের এই অনুষ্ঠানকে পালন করার জন্য সহায়তা করে থাকে। অনুরূপভাবে এবছরও আমরা আসন্ন ঈদ উল ফিতরে সকল সম্মানিত শিক্ষক-শিক্ষিকাসহ সকল কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ও বোনাস প্রদান করার আশা প্রকাশ করছি। আর আপনারা নিশ্চয়ই জানেন যে, এটা অনেক বড় ব্যয় সাপেক্ষ একটা ব্যাপার। তাই, বরাবরের মত আপনাদের সহযোগিতা একান্ত প্রয়োজন।

এই পরিপ্রেক্ষিতে আমাদের সম্মানিত অভিাবকদের আগামী ০৫ মে -২০২১ তারিখের মধ্যে মে-২০২১ পর্যন্ত মাসিক টিউশন ফী জমা প্রদানের জন্য বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের পক্ষ থেকে বিশেষভাবে অনুরোধ করছি।

আপনাদের সুবিধার্থে ফী গ্রহণের জন্য নেট ব্যাংকিং (ইএফটি), বিকাশসহ সকল মোবাইল ব্যাংকিং এবং বিদ্যালয়ের হিসাব শাখা সকাল ১০ টা থেকে বিকেল ২ টা পর্যন্ত নিয়মিত খোলা রাখা এবং ফী গ্রহণ হবে। ফী সংক্রান্ত যেকোনো প্রয়োজনে যোগাযোগ করুন - ০১৯৬৪-৪৯৯৪০৪, ০১৯৬৪-৪৯৯৪৩০, ০১৯১৪-৬২২২১১, ০১৯৫৪-১২৩১২৩।

মহান আল্লাহ সুবহানা ওয়া তায়লা আমাদের সবাইকে এই মহামারীতে নিরাপদে রাখুন এবং আমাদের জন্য সবকিছু সহজ করে দিন।

আমীন, সুম্মা আমীন।


মোহাম্মদ আনিসুর রহমান সোহাগ)
হেড অব স্কুল
এভেরোজ ইন্টারন্যাশনাল স্কুল